

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৩: পুণ্যের পথ অনেক

(13) _ باب بيان كثرة طرق الخير.

আরবী

الأول: عن أبي ذر جندب بن جنادة رضي الله عنها قال: قلت يا رسول الله، أي الأعمال أفضل؟ قال: "الإيمان بالله، والجهاد في سبيله". قلت: أي الرقاب أفضل؟ قال: "أنفسها عند أهلها، وأكثرها ثمناً" قلت: فإن لم أفعل؟ قال: "تعين صانعاً أو تصنع لأخرق" قلت: يا رسول الله أرأيت إن ضعفت عن بعض العمل؟ قال: تكف شرك عن الناس فإنها صدقة منك على نفسك". (متفق عليه).

বাংলা

আল্লাহ তা'আলা বলেন.

﴿ وَمَا تَفْاَعَلُواْ مِنا خَيارِ فَإِنَّ ٱللَّهَ بِهِ اَ عَلِيما ﴾ [البقرة: ٢١٥]

অর্থাৎ "তোমরা যে কোন সৎকাজ কর না কেন, আল্লাহ তা সম্যকরূপে অবগত।" (সূরা বাক্বারা ২১৫ আয়াত) তিনি আরো বলেন.

﴿ وَمَا تَفْ عَلُواْ مِن كَا خَيالِ يَعالَم اللَّهُ اللَّا اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللّل

অর্থাৎ "তোমরা যে সৎকাজ কর, আল্লাহ তা জানেন।" (আল-বাক্লারাহঃ ১৯৭ আয়াত)

তিনি আরো বলেন.

﴿ فَمَن يَعِهُمُكِ مِنْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهِ اللَّهُ اللَّاللَّ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ ا

অর্থাৎ "কেউ অণু পরিমাণ সৎকর্ম করে থাকলেও সে তা দেখতে পাবে।" (সূরা যিলযাল ৭ আয়াত)



তিনি আরো বলেন.

﴿ مَن ؟ عَمِلَ صِلْحًا فَلِنَف ؟ سِهِ ؟ ؟ ﴾ [الجاثية: ١٥]

অর্থাৎ "যে সৎকাজ করে, সে নিজ কল্যাণের জন্যই তা করে।" (সূরা জাসিয়াহ ১৫ আয়াত)

এ বিষয়ে আয়াত অনেক রয়েছে এবং হাদীসও অগণিত রয়েছে। তার মধ্যে কিছু আমরা বর্ণনা করব।

১/১১৯। আবৃ যার্র জুনদুব ইবনু জুনাদা রাদিয়াল্লাভ্ 'আনভ্ বলেন যে, আমি বললাম, 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম কোন্ আমল সর্বোত্তম?' তিনি বললেন, ''আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করা ও তাঁর পথে জিহাদ করা।'' আমি বললাম, 'কোন্ গোলাম (কৃতদাস) স্বাধীন করা সর্বোত্তম?' তিনি বললেন, ''যে তার মালিকের দৃষ্টিতে সর্বশ্রেষ্ঠ ও অধিক মূল্যবান।'' আমি বললাম, 'যদি আমি এ সব (কাজ) করতে না পারি।' তিনি বললেন, ''তুমি কোন কারিগরের সহযোগিতা করবে অথবা অকর্মন্যের কাজ করে দেবে।'' আমি বললাম, 'হে আল্লাহর রাসূল! আপনি বলুন, যদি আমি (এর) কিছু কাজে অক্ষম হই (তাহলে কি করব)?' তিনি বললেন, ''তুমি মানুষের উপর থেকে তোমার মন্দকে নিবৃত্ত কর। তাহলে তা হবে তোমার পক্ষ থেকে তোমার নিজের জন্য সাদকাহস্বরূপ।''[1]

English

(13) Chapter: Numerous ways of doing Good

Abu Dharr (May Allah be pleased with him) reported:

I asked: "O Messenger of Allah! Which action is the best?" He (ﷺ) said, "Faith in Allah and Jihad in the way of Allah." I asked: "Which neck (slave) is best (for emancipation)?" He said, "That which is dearest of them in price and most valuable of them to its masters". I asked: "If I cannot afford (it)?" He said, "Then help a labourer or work for one who is disabled". I asked: "If I cannot do (it)?" He said, "You should restrain yourself from doing wrong to people, because it (serves as) charity which you bestow upon yourself".

[Al-Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৫১৮, মুসলিম ৮৪, নাসায়ী ৩১২৯, ইবনু মাজাহ ২৫২৩, আহমাদ ২০৮২৪, ২০৯৩৮, ২০৯৮৯, দারেমী ২৭৩৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=22421}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন